তারিখ ...02 OCT 1991

পৃষ্ঠা... ৬ ...কলাম... ৭

দৈনিক বাংলা

১০

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতির বিবৃতি

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এক বিবৃতিতে অবৈধভাবে গঠিত শিক্ষক সমিতির নির্বাচন সম্পর্কে বলেছেন, শিক্ষক সমিতিকে দ্বিধাবিভক্ত করার যে চেষ্টা কিছুসংখ্যক সদস্য নিয়েছে তা অত্যন্ত নিন্দনীয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বিচার বিভাগীয় তদন্ত কমিশন কর্তৃক দোষী সাব্যস্ত। বিতর্কিত ভাইস চ্যান্সেলরের নীল–নকশা অনুযায়ী সমিতির কিছুসংখ্যক সদস্য মর্যাদাহানিকর এসব কাজে লিপ্ত। এই বেআইনী ঘোষিত কমিটির সঙ্গে শিক্ষক সমিতির কোন সম্পর্ক নেই।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের যুগ্ম আহবায়ক ডঃ মোহাম্মদ মাহবুবউল্লাহ ও অধ্যাপক এ জি এম নূরুদ্দিন চৌধুরী এক বিবৃতিতে শিক্ষক সমিতিকে দ্বিধাবিভক্ত করার নিন্দা করে বলেছেন, এর পেছনে বিতর্কিত ভাইস চ্যান্সেলরের নীল–নকশার প্রভাব রয়েছে। তারা বলেন, কতিপয় শিক্ষক কর্তৃক অবৈধ পন্থায় পাল্টা শিক্ষক সমিতি গঠন নিন্দনীয়।